জীবননগরে শহীদ বুদ্ধিজীবী ও মহান বিজয় দিবস উপলক্ষে প্রস্তুতি সভা

জীবননগর উপজেলায় ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার দুপুরে জীবননগর উপজেলা পরিষদের সভাকক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

সভায় ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস যথাযথ মর্যাদায় পালনের বিষয়ে আলোচনা করা হয়। সভায় বক্তারা বলেন, বিজয় দিবস অনুষ্ঠানে অনেকেই বিভিন্ন রঙের পোশাক পরে আসে। এটা খারাপ দেখায়। অনুষ্ঠানে যারা আসবে তারা লাল ও সবুজ পোশাক পরে আসলে ভালো লাগবে।

প্রস্তুতি সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা হাসিনা মমতাজের সভাপতিত্ব, প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র, জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এসএম জাবীদ হাসান।

সভায় আরও উপস্থিত ছিলেন বাঁকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান, মনোহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন, হাসাদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান রবিউল ইসলাম, উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল হান্নান, জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সেলিমা আক্তার, জীবননগর উপজেলা একাডেমিক সুপারভাইজার আব্দুল জব্বার, জীবননগর প্রেসক্লাবের সভাপতি এমআর বাবু, জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবু, জীবননগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক কাজী শামসুর রহমান চঞ্চল, জীবননগর উপজেলা শিক্ষা কর্মকর্তা জালাল উদ্দীন, মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি জীবননগর জোনাল অফিসের সহকারী জেনারেল ম্যানেজার মো. মনিরুল ইসলাম প্রমুখ।

[redacted]

[redacted]

দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো কুতুব উদ্দীন, উজীরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামসুন্নাহার, দশমী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নারায়ন চন্দ্র পাল, সহ সরকারি দফতরের কর্মকর্তা, বীর মুক্তিযোদ্ধা, শিক্ষক, রাজনৈতিক নেতৃবৃন্দ, সাংস্কৃতিক ব্যক্তি, সুশীল সমাজের প্রতিনিধিগণ প্রমুখ।

জীবননগরে নানা আয়োজনে মহান বিজয় দিবস উদযাপন

৩১বার তোপধ্বনির মধ্য দিয়ে জীবননগরে মহান বিজয় দিবসের আনুষ্ঠানিকতা শুরু হয়। সকালে শহীদ বেদিতে জীবননগর উপজেলা প্রশাসন,উপজেলা আওয়ামীলীগ,পৌরসভা,ছাত্রলীগসহ বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

পরে জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকুনুজ্জামানের সভাপতিত্বে জীবননগর থানা পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজি হাফিজুর রহমান,উপজেলার সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আব্দুল খালেক, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান প্রমুখ।

মুজিবনগর উপজেলায় যথাযথ মর্যাদায় মহান বিজয় দিবস পালিত

মুজিবনগর স্মৃতিসৌধ, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, কুচকাওয়াজ, ডিসপ্লে, শরীর চর্চা, দোয়া মাহফিল অনুষ্ঠানের মধ্য দিয়ে মুজিবনগরের পালিত হয়েছে মহান বিজয় দিবস।

মুজিবনগরে শুক্রবার সারাদিন ব্যাপী বিভিন্ন অনুষ্ঠানের মধ্যে দিয়ে যথাযোগ্য মর্যাদার সহিত মহান বিজয় দিবস পালন করা হয়েছে। ভোর ছয়টার সময় ঐতিহাসিক মুজিবনগর সৃতিসৌধে ৩১বার তোপধনির মাধ্যমে দিবসের শুভ সূচনা করা হয়।

সূর্যোদয়ের সাথে সাথে সকল সরকারী, আধা সরকারী, স্বায়ত্বশাসিত ও বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন করা হয়।সকাল সাড়ে ৬ টায় মুজিবনগর সৃতিসৌধ ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

পুষ্পমাল্য অর্পন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস এর নেতৃত্বে উপজেলা প্রশাসন। জাতীর শ্রেষ্ঠ সন্তান মুক্তিযোদ্ধারা, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি)মেহেদি রাসেল এর নেতৃত্বে মুজিবনগর থানা।

মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা ও সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ এবং উপজেলা আওয়ামী লীগের (সাবেক) সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলু, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগ, উপজেলা আনসার ভিডিপি,মুজিবনগর অফিসার্স ক্লাব,মহাজনপুর,বাগোয়ান,মোনাখালি,দারিয়াপুর ইউনিয়নের চেয়ারম্যান,আমাম হোসেন মিলু,আয়ুব হোসেন,মফিজুর রহমান,মাহবুবুর রহমান রবি এর নেতৃত্বে চার ইউনিয়ন পরিষদ।

মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দীন সম্পাদক সাকিব এর নেতৃত্বে উপজেলা ছাত্রলীগ, সেচ্ছাসেবকলীগের সহসভাপতি মতিউর রহমান মতিন এর নেতৃত্বে উপজেলা সেচ্ছাসেবকলীগ,মুজিবনগর উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজিব ও সম্পাদক মানিক এর নেতৃত্বে উপজেলা কৃষকলীগ, মুজিবনগর প্রেসক্লাব,তাঁতীলীগ, মুক্তিযুদ্ধ প্রজন্মলীগ, সৈনিকলীগ ও মুজিবনগর শিশু পরিবার, মুজিবনগর স্বাস্হ্য কমপ্লেক্স, বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে পুষ্পমাল্য

অর্পণ করা হয়।

পরে সকাল সাড়ে ৮ টার সময় উপজেলা পরিষদ চত্বরে আনুষ্ঠানিক ভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস, উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মেহেদি রাসেল, এর পর বিজয় দিবস উদযাপন অনুষ্ঠানের সভাপতি উপজেলা নির্বাহি অফিসার অনিমষ বিশ্বাস এর উদ্বোধনী বক্তব্যের মধ্যদিয়ে শুরু হয় কুচকাওয়াজ ও শরীর চর্চা প্রদর্শন ও ক্রীড়া প্রতিযোগিতা উপজেলা পরিষদ চত্বরে কুচকাওয়াজ ও শরীরচর্চা প্রদর্শনে অংশ নেন বীরমুক্তিযোদ্ধা, পুলিশ, বিএনসিসি, আনসার ভিডিপি, বাংলাদেশ স্কাউট ও স্কুল কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থীরা।

সকাল সাড়ে দশটার সময় সকল স্কুল কলেজের শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া প্রতিযোগিতা ও সাড়ে ১১ সময় বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধাও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা দেওয়া হয়। পরে ক্রীড়া প্রতিযোগী বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়।

এছাড়াও বাদ জোহর জাতীর শান্তি, অগ্রগতি ও মঙ্গল কামনা করে উপজেলার সকল মসজিদে বিশেষ মোনাজাত এবং সুবিধা মত সময়ে মন্দির গীর্জা ও অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে বিশেষ পার্থনা এবং দুপুরে উপজেলার সকল এতিমখানা ও হাসপাতালে উন্নতমানের খাবার পরিবেশন করা হয়। বিকাল তিনটায় শুরু হয় সৌখিন ফুটবল প্রতিযোগিতা, এবং সাংস্কৃতি অনুষ্ঠান। সন্ধায় সকল সরকারী ও বেসরকারী ভবনসমূহে আলোকসজ্জার মধ্যে দিয়ে বিজয় দিবসের দিন ব্যাপি কর্মসূচি শেষ করা হয়।